

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.barc.gov.bd

বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২৪-২০২৫ কর্মপরিকল্পনায় কার্যক্রম [২.১] এর আওতায় 'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন বিভাগ/ইউনিট/শাখার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন সংক্রান্ত' অনুষ্ঠিত ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং
আহ্বায়ক, এপিএ টিম বিএআরসি।
তারিখ ও সময় : ১৩ মার্চ ২০২৫; সকাল ১০.৩০ ঘটিকা।
স্থান : সভাকক্ষ-২, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক'

১। সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রধান ট্রেনিং অফিসার এবং সিটিজেন চার্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ এর ৩য় ত্রৈমাসিকে বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপনের অনুরোধ জানান।

২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩য় ত্রৈমাসিক কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম ও এর লক্ষ্যমাত্রা উপস্থাপন করেন। তিনি বলেন, কর্মপরিকল্পনার কার্যক্রম [১.১] বাস্তবায়নে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে সেবা বক্সে উপস্থাপন করতে হবে। এ বিষয়ে লক্ষ্যমাত্রা বাস্তবায়নে আগামী ২৫/০৩/২০২৫ তারিখের মধ্যে বিএআরসি'র ৩য় ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হবে; এছাড়াও কার্যক্রম [১.৩] স্টেকহোল্ডার সমন্বয়ে অবহিতকরণ সভা ১ম অর্ধবার্ষিকে ০১টি বাস্তবায়ন করা হয়েছে এবং অপর ০১টি সভা ২য় অর্ধবার্ষিকে ৪র্থ ত্রৈমাসিকে বাস্তবায়নের কর্মপরিকল্পনা আছে; কার্যক্রম [২.১] বাস্তবায়নে অদ্য ১৩/০৩/২০২৫ তারিখ বিএআরসি'র সকল বিভাগ, কেন্দ্র, ইউনিট ও শাখার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা কার্যকরভাবে বাস্তবায়নে ৩য় ত্রৈমাসিক সভার আয়োজন করা হয়েছে; কার্যক্রম [২.২] এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ০৭/০৩/২০২৫ তারিখের মধ্যে প্রস্তুত করে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে; এবং কার্যক্রম [২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন বাস্তবায়নের বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।

২। সভাপতি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা কার্যকরভাবে বাস্তবায়নে আওতাধীন সকল বিভাগ, কেন্দ্র, ইউনিট ও শাখার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে অনুষ্ঠিত সভাটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

৩। এ পর্যায়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা সম্প্রতি সভা/সেমিনার/প্রশিক্ষণ/কর্মশালার জন্য ভেন্যু বরাদ্দ সেবার ভাড়া নির্ধারণ সংক্রান্ত অফিস আদেশ হওয়ায় সিটিজেন চার্টারে উক্ত সেবার বিপরীতে সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি হালনাগাদ করার প্রস্তাব পেশ করেন। এছাড়াও কাউন্সিলের বিভাগ/ইউনিট/শাখা কর্তৃক সিটিজেন চার্টারে কোন হালনাগাদ প্রস্তাবনা (যদি থাকে) থাকলে তা আগামী ২০/০৩/২০২৫ তারিখের মধ্যে ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে পাঠানোর অনুরোধ জানান।

৪। এছাড়াও ফোকাল পয়েন্ট কর্মকর্তা কাউন্সিলের সকল বিভাগ, ইউনিট ও শাখা প্রদত্ত ৩য় ত্রৈমাসিক সেবা প্রদান তথ্য প্রাপ্তিকের শেষে প্রেরণের অনুরোধ জানান।

৫। সভাপতি সভায় উপস্থিত সকলকে ৩য় ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২৪-২৫ কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতির ওপর মতামত প্রদানের অনুরোধ জানান।

৪.১ ৩য় ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাকরণে সভা/সেমিনার/প্রশিক্ষণ/কর্মশালার জন্য ভেন্যু বরাদ্দ সেবার সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি হালনাগাদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়;

৪.২ এছাড়াও কাউন্সিলের বিভাগ/ইউনিট/শাখা কর্তৃক আগামী ২০/০৩/২০২৫ তারিখের মধ্যে সিটিজেন চার্টারে হালনাগাদ প্রস্তাবনা (যদি থাকে) থাকলে ফোকাল পয়েন্ট কর্মকর্তার কাছে পাঠানোর বিষয়ে আলোচনা হয়;

৪.৩ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি মোতাবেক সকল বিভাগ, ইউনিট ও শাখা কর্তৃক প্রদত্ত সেবা প্রদান কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রাপ্তিকের শেষে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট আবশ্যিকভাবে প্রেরণ বিষয়ে আলোচনা করা হয়;

৪.৪ সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত কার্যদিবসে সেবা গ্রহীতাদের মান সম্পন্ন সেবা প্রদান বিষয়ে আলোচনা করা হয়; এবং

৪.৫ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ এর ৩য় ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ বিষয়ে আলোচনা করা হয়।

০৫। সিদ্ধান্ত: সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা
৫.১	সিটিজেন চার্টারে সভা/সেমিনার/প্রশিক্ষণ/কর্মশালার জন্য ভেন্যু বরাদ্দ সেবার সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি হালনাগাদ করতে হবে;	সিটিজেন চার্টার হালনাগাদকরণ কমিটি, বিএআরসি।
৫.২	কাউন্সিলের বিভাগ/ইউনিট/শাখা কর্তৃক আগামী ২০/০৩/২০২৫ তারিখের মধ্যে সিটিজেন চার্টারে হালনাগাদ প্রস্তাবনা (যদি থাকে) থাকলে তা ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে;	সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা, বিএআরসি।
৫.৩	সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রাপ্তিকের শেষে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;	সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা, বিএআরসি।
৫.৪	সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত কার্যদিবসে সেবা গ্রহীতাদের মান সম্পন্ন সেবা প্রদান; এবং	সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা, বিএআরসি।
৫.৫	২০২৪-২৫ এর ৩য় ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ যথাসময়ে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ ব্যবস্থা গ্রহণ;	ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি।

০৬। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

(ড. মোঃ ছায়ফুল্লাহ)

সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং

আহ্বায়ক

এপিএ টিম, বিএআরসি।